

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ বিদআত রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কেক কেটে, মোমবাতি নিভিয়ে বার্থ-ডে বা জন্মদিন পালন করা কি ঠিক?

বার্থ-ডে বা জন্মদিন, বিবাহবার্ষিকী পালন করা সুন্নত। তবে সেই সুন্নত [অর্থাৎ ইহুদি নাসারাদের সুন্নত] মুসলিমদের নয়, যার জন্য মহানবী (সঃ) বলেছেন, "অবশ্যই তোমরা তোমাদের পূর্ববর্তী জাতির সুন্নত [ইহুদি নাসারাদের] (তারিকা) অনুসরণ করবে বিঘত বিঘত এবং হাত হাত পরিমাণ (সম্পূর্ণরূপে)। এমনকি তাঁরা যদি সাণ্ডার (গোসাপ জাতীয় এক প্রকার হালাল জন্তুর) গর্তে প্রবেশ করে, তবে তোমরাও তাকে অনুসরণ করবে (এবং তাঁদের কেও যদি রাস্তার উপর প্রকাশ্যে স্ত্রী-সঙ্গম করে তবে তোমরাও তা করবে!)" সাহাবাগণ বললেন, "আল্লাহ্র রাসূল ইয়াহুদ ও খ্রিস্টানরা?" তিনি বললেন, "তবে আবার কারা?" ৯৪ (বুখারী, মুসলিম ও হাকেম) বলা বাহুল্য, বিজাতীর অনুকরণে এমন উৎসব বা অনুষ্ঠান পালন করা বৈধ নয়। যেহেতু মহানবী (সঃ) বলেন, "যে ব্যক্তি যে সম্প্রদায়ের অনুরূপ অবলম্বন করে, সে তাঁদেরই দলভুক্ত।" ৯৫ (আবূ দাউদ, ইবা) একই পর্যায় পড়েঃ ভালবাসা দিবস, মাতৃ দিবস ইত্যাদি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=78

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন